

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ২৫/২০১৬

অভিযোগকারী : জনাব মোঃ মতিউর রহমান
পিতা- নুরুল ইসলাম
গ্রাম-১ নং কলমা, পোস্ট-ডেইরী ফার্ম
থানা-সাভার, জেলা-ঢাকা।

প্রতিপক্ষ : ডাঃ এ.এম.শাহরিয়ার তৌফিক
ডেইরী ইকনোমিস্ট
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার
সাভার, ঢাকা।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ২৪-০৩-২০১৬ ইং)

অভিযোগকারী ২৭-০৮-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), কেন্দ্রীয় গো-প্রজনন দুগ্ধ খামার সাভার, ঢাকা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ক) ২০১৪ সালের জুলাই থেকে চলতি বছরের এপ্রিল পর্যন্ত সাভারের কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামারে গত ১০ মাসে খামার পরিচালনায় সরকারের ১৩ কোটি ৮৮ লাখ ৫১ হাজার ১১৫ টাকা আর্থিক ক্ষতি দেখানো হয়েছে উল্লিখিত আর্থিক ক্ষতির এসব টাকা কি কি কাজে এবং কোন প্রক্রিয়ার মাধ্যমে এসব টাকা ব্যয় করা হয়েছে? উল্লিখিত টাকার খাতওয়ারী হিসাব বা বিবরণ।
- খ) ২০১৪ সালের জুলাই থেকে চলতি বছরের এপ্রিল পর্যন্ত যে সকল উন্নয়ন মূলক কাজ করে ১৩ কোটি ৮৮ লাখ ৫১ হাজার ১১৫ টাকা আর্থিক ক্ষতি দেখানো হয়েছে সে সকল কাজের দরপত্র প্রক্রিয়ার কাগজপত্রসহ কাজের সর্বশেষ অবস্থা কি? এবং সরেজমিনে দেখতে চাই।
- গ) সাভার কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামারে ২০১৪ সালের জুলাই থেকে চলতি বছরের এপ্রিল পর্যন্ত ১ কোটি ২৮ লাখ টাকা আয় দেখানো হয়েছে। কি কি খাত থেকে এসকল টাকা আয় করা হয়েছে? খাতওয়ারী বিবরণসহ হিসাব।

২। আবেদনের প্রেক্ষিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ২৭-০৯-২০১৫ তারিখে অভিযোগকারীকে ৩৩০১.০০০০.৩০১.০১.০০৩.১৫/১৩১৩ নং স্মারকে তথ্য সরবরাহ করেন। সরবরাহকৃত তথ্য আংশিক উল্লেখ করে অভিযোগকারী ১৩-১২-২০১৫ তারিখে মহা-পরিচালক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), প্রাণিসম্পদ অধিদপ্তর, খামার বাড়ী, ঢাকা বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৬-০১-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ২৯-০২-২০১৬ তারিখের সভায় অভিযোগটি আমলে নিয়ে ২২-০৩-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

৪। শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। অভিযোগকারী প্রাপ্ত তথ্য আংশিক বলে অভিযোগ করেন। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তার বক্তব্যে উল্লেখ করেন যে, চাহিত তথ্য চেয়ে যে প্রশ্ন করা হয়েছে, তা তিনি বুঝতে পারেন নি এবং চাহিত তথ্যের ক্রমিক নং 'খ' কোন প্রশ্নই নয় বলে তথ্য দেওয়া সম্ভব নয় মর্মে কমিশনকে অভিহিত করেন। এছাড়া চাহিত তথ্যের ক্রমিক নং ক এবং গ এর তথ্যমূল্য পরিশোধ সাপেক্ষে অভিযোগকারীকে তথ্য প্রদান করতে তিনি প্রস্তুত আছেন বলে কমিশনকে অবহিত করেন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে যথাসময়ে পূর্ণাঙ্গ তথ্য সরবরাহ না করায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে সতর্ক করা হয়। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সরবরাহকৃত তথ্যের মধ্যে 'খ' ক্রমিকে উল্লেখিত দরপত্র সংক্রান্ত তথ্য, তথ্য অধিকার আইনের ২(চ) উপধারার বিধান অনুযায়ী তথ্যের সংজ্ঞার মধ্যে পড়ে না বিবেচনায় চাহিত তথ্য সরবরাহ করা হয় নি মর্মে বক্তব্য সঠিক নয়। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ২(চ) অনুযায়ী তা তথ্যের সংজ্ঞার অন্তর্ভুক্ত এবং যেহেতু ৭(ত) উপধারা অনুযায়ী দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের পর কার্যক্রম সমাপ্ত হয়েছে, সেহেতু এ সকল তথ্য প্রকাশযোগ্য। তাছাড়া 'ক' ক্রমিকে উল্লেখিত মেরামত ও সংরক্ষণ খাতের বিস্তারিত ব্যয়ও প্রকাশযোগ্য। এমতাবস্থায়, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অভিযোগকারীর প্রার্থিত সকল তথ্য ১৫ দিনের মধ্যে সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। উপর্যুক্ত পর্যালোচনা অনুযায়ী তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে ০৭-০৪-২০১৬ তারিখ বা তদপূর্বে অভিযোগকারীকে তার প্রার্থিত সকল তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), কেন্দ্রীয় গো-প্রজনন দুষ্ক খামার সাভার, ঢাকা কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার

[বে.স]